# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৭৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

### আরবী

وَعَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ فِي الْوتر قَالَ: «سُبْحَانَكَ الْمَلِكِ الْقُدُّوسِ» رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَزَادَ: ثَلَاث مَرَّات يُطِيل فِي آخِرهنَّ

### বাংলা

১২৭৪-[২১] উবাই ইবনু কা’ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতরের সালাতের সালাম ফিরাবার পর বলতেন, ’’সুবহা-নাল মালিকিল কুদ্দূস’’ অর্থাৎ ’পাক-পবিত্র বাদশাহ খুবই পবিত্র’। (আবূ দাঊদ, নাসায়ী; তিনি [নাসায়ী] বৃদ্ধি করেছেন যে, তিনবার দু’আটি পড়তেন, শেষের বারে দীর্ঘায়িত করতেন)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৪৩০, নাসায়ী ১৬৯৯, আদ্ দা‘ওয়াতুল কাবীর ৪৩৪, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৪৮৭০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যাবতীয় গুণাবলীতে পরিপূর্ণ যার সাধারণত কোন পূর্ণতার চূড়ান্ত নেই। (অর্থাৎ সর্ববিষয়ে অসীম যিনি)। আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, যাবতীয় ত্রুটি ও অসম্পূর্ণ থেকে তিনি পবিত্র।

উপরোক্ত হাদীস থেকে প্রতীয়মান হয় যে, বিতরের পরে তাসবীহ পড়া শারী‘আত সম্মত বা সুন্নাত। তবে আবূ দাঊদ-এর বর্ণনায় হাদীসটি সংক্ষিপ্ত।

নাসায়ীর বর্ণনায় সহীহ সানাদে রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিন রাক্‘আত বিতর পড়তেন এবং প্রথম রাক্‘আতে سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلٰى (সূরাহ্ আ‘লা-) দ্বিতীয় রাক্‘আতে قُلْ يَاۤيُّهَا الْكٰفِرُوْنَ (সূরাহ্ আল

কা-ফিরূন) এবং তৃতীয় রাক্‘আতে قُلْ هُوَ اللهُ أَحَدٌ (সূরাহ্ আল ইখলাস) পড়তেন এবং রুকূ‘র পূর্বে কুনূত পড়তেন এবং বিতর সালাত (সালাত/নামায/নামাজ) শেষে (سُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوْسِ) তিনবার পড়তেন এবং শেষবারে উচ্চ আওয়াজে পড়তেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55834

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন